স্টাফ রিপোর্টার: সুনামগঞ্জে ১৮০ বস্তা ভারতীয় চিনিসহ সাত চোরাকারবারিকে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল সোমবার ভোরে মধ্যনগর উপজেলার হামদিপুর পশ্চিম সাকনিস্থ ইকরছড়া খালে একটি ইঞ্জিন চালিত নৌকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়। গ্রেফতার চোরাকারবারিরা হলেন- মো. তপু মিয়া (৩০), মো. রাজন মিয়া (২৫), মো. কামরুল মিয়া (৩২), মো. শামীম (৩১), মো. আরিফ মিয়া (২৮), মো. মনির (২৪) ও মনসুর মিয়া (৩২)। পুলিশ সূত্রে জানা যায়, বিশেষ অভিযান চালিয়ে ভোরে একটি ইঞ্জিন চালিত নৌকা থেকে শুল্ক ফাঁকি দিয়ে বাংলাদেশে ১৮০ বস্তা ভারতীয় চিনি নিয়ে আসায় ৭ জনকে গ্রেপ্তার করা হয়েছে। একই সঙ্গে চিনির বস্তাগুলো জব্দ করা হয়েছে। জব্দ করা চিনির বাজার মূল্য ৮লাখ ১০ হাজার টাকা। মধ্যনগর থানার এসআই সুবাস চন্দ্র বর্মন জানান, ভারতীয় চিনিসহ সাতজনকে গ্রেপ্তার করা হয়েছে। তাদের বিরুদ্ধে বিশেষ ক্ষমতা আইনে একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।